০/৫

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/এসই (প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/(GAD)/জি-০১/২০১৭/৯৯২ তারিখ: ৭/৩/২০১৭ ইং।

**বিষয়: আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে আয়োজক কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

এলজিইডি সদর দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে আয়োজক কমিটির ৪র্থ সভা গত ০৬ মার্চ ২০১৭ দুপুর ১২.৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস' ২০১৭ উদ্‌যাপন আয়োজক কমিটি। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি ও সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন আয়োজক কমিটি সভার আলোচ্যসূচি সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা |
|---|---|---|
| ১। | গত সভার কার্যবিবরণীর অগ্রগতি পর্যালোচনা | সভায় সদস্য-সচিব , আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন আয়োজক কমিটিকে জানান, ইতিমধ্যে সেক্টরভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহ করে ইতিমধ্যে ১ম, ২য়, ৩য় স্থান অধিকারী শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচিত করা হয়েছে এবং তাদের পুরস্কার গ্রহণ করার জন্য এলজিইডি সদর দপ্তরে যাওয়া-আসা ও থাকা খাওয়াসহ সার্বিক বিষয়টির ব্যবস্থাপনা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ সহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) নিশ্চিত করবেন বলে আশ্বস্ত করেন । |
| ২। | ফটোগ্যালারী | সভায় সভাপতি মহোদয় ফটোগ্যালারীর ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এর দৃষ্টি আর্কষণ করলে তিনি জানান যে, এ ব্যাপারে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণের সাথে তিনি আলোচনা করেছেন। আগামী ৮ই মার্চ আর্ন্তজাতিক নারী দিবস উদ্‌যাপনে ফটো গ্যালারীতে প্রদর্শনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তবে এসডব্লিউবিআরডিপি প্রকল্প কার্যক্রম শেষ হয়ে যাওয়ায় এবারের ফটোগ্যালারীর প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারবে না এই মর্মে উল্লেখ করেন। |
| ৩। | ভিডিও ও ব্রুশিওর | ভিডিও ও ব্রুশিওর সম্পর্কে জনাব আহসান হাবীব, প্রকল্প পরিচালক, সিআরডিপি, জানান যে, ব্রুশিওর প্রধান প্রকৌশলী মহোদয়ের সম্মতিক্রমে চূড়ান্ত করা হয়েছে এবং প্রেসে প্রিন্ট এর জন্য পাঠানো হয়েছে। সভার সিদ্ধান্তক্রমে ৩০০ কপি প্রিন্ট করার পরিবর্তে ১০০০ কপি প্রিন্ট করতে উল্লেখ করা হয়। ৫০০ কপি জেন্ডার এজেন্সী যাদের সাথে এলজিইডি কাজ করে এবং অন্যান্য অধিদপ্তরে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় ভিডিও সম্পাদনা সুন্দর হয়েছে বলে জনাব আহসান হাবীব, প্রকল্প পরিচালক, সিআরডিপি, কে ধন্যবাদ জানানো হয়। তবে জেন্ডার ফোরামের ভিডিও সংযুক্ত করার ব্যাপারে প্রকল্প পরিচালক সিআরডিপি কে দৃষ্টি আকর্ষন করা হলে তিনি জানান যে, ভিডিও করা হয়েছিল কিন্তু ভিডিও টা নষ্ট হয়ে যাওয়ায় সেটা সংযুক্ত করা সম্ভবপর হয়নি। অতঃপর সভাপতি মহোদয় পরবর্তীতে জেন্ডার ফোরামের তথ্যসহ ভিডিও সংযুক্ত করার বিষয়ে দৃষ্টি আর্কষণ করেন। |
| ৪। | আমন্ত্রনপত্র ও ভাষণ | জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষনাবেক্ষণ) সভায় জানান যে, প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হওয়ায় মোট ৫০০ কপি আমন্ত্রনপত্র তৈরী করা হয়েছে। মন্ত্রনালয় ও সচিবালয়ে আমন্ত্রনপত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন দাতাসংস্থা ও মিডিয়া কার্যালয়ে আমন্ত্রনপত্র পৌছানোর জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকা অঞ্চল), ঢাকা ও জনাব আবু ফাত্তাহ, মিডিয়া কনসালটেন্ট কে অনুরোধ করা হয়। সেই সাথে যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত হবার জন্য এলজিইডির সকল কর্মকর্তা-কর্মচারীকে SMS প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে জনাব মাহবুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী কে অনুরোধ করা হয়। |

| | | |
|---|---|---|
| ৫। | বিবিধ | সভায় অনুষ্ঠানসূচির বিষয়ে জনাব আহসান হাবীব, প্রকল্প পরিচালক, সিআরডিপি জানান, আগত প্রধান অতিথি ও বিশেষ অতিথি পৌছানোর পর তাদের অভ্যর্থনা জানানো হবে। তারপর প্রধান প্রকৌশলী মহোদয় স্মারক সম্মাননা দেবেন মন্ত্রী মহোদয়কে, এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) স্মারক সম্মাননা দেবেন সচিব মহোদয়কে এবং প্রধান প্রকৌশলী মহোদয়কে স্মারক সম্মাননা দেবেন সদস্য-সচিব, জেন্ডার ফোরাম। অনুষ্ঠানে এরপর পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হবে।<br>পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠঃ<br>পবিত্র কুরআন থেকে পাঠ- হাফেজ মোহাম্মদ আব্দুল জব্বার, ইমাম, মসজিদ এলজিইডি।<br>পবিত্র গীতা থেকে পাঠ- গৌতম প্রসাদ চৌধুরী, প্রকল্প পরিচালক, লাঙ্গলবন্দ মহাঅষ্টমী পূণ্যস্নান উৎসব প্রকল্প।<br>পবিত্র ত্রিপিটক থেকে পাঠ- কহল্যা খই, প্রকল্প পরিচালক, অসচ্ছল মুক্তিযোদ্ধা বাসস্থান নির্মাণ প্রকল্প।<br>পবিত্র বাইবেল থেকে পাঠ- সেবাস্তীন গোমেজ, সহকারী প্রকৌশলী, পিএসএসডব্লিউআরএসপি ।<br>এছাড়াও অনুষ্ঠানের ছবি তোলা ও মিডিয়াতে প্রচারের দায়িত্ব জনাব আবু ফাত্তাহ, মিডিয়া কনসালটেন্ট ও জনাব রবিউল, আরটিআইপি-II, কে অনুরোধ করা হয়।<br>এছাড়াও সভায় সভাপতি মহোদয় জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, (ভবন রক্ষণাবেক্ষণ)'কে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগ এবং নিরাপত্তা নিশ্চিত করতে আগারগাঁও থানাকে পত্র মারফত জানানোর জন্য নির্দেশনা দেন।<br>সভায় সভাপতি মহোদয় প্রস্তুতি যথাযথ হয়েছে বলে ধন্যবাদ জানান কমিটিকে। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদযাপন কমিটি'২০১৭।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (ওএন্ডএম) ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকা অঞ্চল), ঢাকা-১২০৭।
৬। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৭। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-৩, সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৮। প্রকল্প পরিচালক, সিআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৯। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। সদস্য সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। জনাব মাহবুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিএমইউ (জাইকা) , এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব গৌতম প্রসাদ চৌধুরী, প্রকল্প পরিচালক, লাঙ্গলবন্দ মহাঅষ্টমী পূণ্যস্নান উৎসব প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

১৮। জনাব কহল্যা খই, প্রকল্প পরিচালক, অসচ্ছল মুক্তিযোদ্ধা বাসস্থান নির্মাণ প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব সেবাস্তীন গোমেজ, সহকারী প্রকৌশলী, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব হাফেজ মোহাম্মদ আব্দুল জব্বার, ইমাম, মসজিদ এলজিইডি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদযাপন কমিটি'২০১৭, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-
-প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

প্রকল্প পরিচালকের দপ্তর ★ অংশগ্রহণ মূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর ★
এলজিইডি সদর দপ্তর
আরডিইসি ভবন
(লেভেল-৫), ঢাকা।

F:\Womans day 2017/ International Women'd Day 4th meeting